গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়

# বান্দরবান সরকারি উচ্চ বিদ্যালয়
# BANDARBAN GOVT. HIGH SCHOOL

বান্দরবান পার্বত্য জেলা। আলাপনী : +৮৮০২৩৩৩৩০২৭৫৫
website : www.bandarbangovths.gov.bd, EIIN- 103092
e-mail: bghs103092@gmail.com

স্মারক নং- বাসউবি/ ২০২৫/৭৯ তারিখ :

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বান্দরবান সরকারি উচ্চ বিদ্যালয়, বান্দরবান।

তারিখ: ২৯/০৯/২০২৫ খ্রি.

## খাড়া গাছ প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বান্দরবান সরকারি উচ্চ বিদ্যালয়, ক্যাম্পাসে নতুন ৬তলা একটি একাডেমিক ভবন, ৫তলা একটি হোস্টেল ভবন ও ২টি ওয়াশ ব্লক নির্মাণের স্থানে কর্তনযোগ্য খাড়া ২০টি বিভিন্ন প্রজাতির বৃক্ষ আগামী ০৫/১০/২০২৫খ্রি. রবিবার, বেলা ৩ ঘটিকায় প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যাক্তি/প্রতিষ্ঠান প্রকাশ্য নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

## "প্রকাশ্য নিলামের শর্তাবলী"

১. কেবলমাত্র বাংলাদেশী নাগরিকগণ প্রকাশ্য নিলামে অংশগ্রহণ করতে পারবেন।
২. নিলামে আগ্রহী ব্যাক্তি/প্রতিষ্ঠান অংশগ্রহণের পূর্বে অংশগ্রহণের আবেদন ও আবেদনের সহিত ২০,০০০.০০ (বিশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করে প্রধান শিক্ষক, বান্দরবান সরকারি উচ্চ বিদ্যালয়ের অনুকূলে জামানত হিসেবে দাখিল করতে হবে।
৩. নিলামে অংশগ্রহণের পূর্বে সরেজমিনে খাড়া গাছগুলো পরিদর্শন করতে হবে। নিলামের পর আর কোনো আপত্তি গ্রহণ করা হবে না। এছাড়া এই বিষয়ে কোনো ওজর-আপত্তি উত্থাপনপূর্বক গাছের মূল্য পরিশোধ পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তার জামানতের টাকা সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে।
৪. সর্বোচ্চ দরদাতাকে নিলামের পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে গাছের সমুদয় মূল্য পরিশোধ করে অত্র অফিস হতে কার্যাদেশ গ্রহণ করে ৩ (তিন) দিনের মধ্যে গাছ অপসারণ/কর্তণ করতে হবে। ব্যর্থতায় তার জামানতের টাকা সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে। পরবর্তীতে প্রকাশ্য পুনঃ নিলামে উক্ত প্রক্রিয়া সম্পাদন করতে কর্তৃপক্ষ সর্বসত্ব সংরক্ষণ করে।
৫. ২য় প্রকাশ্য নিলামে যদি গাছের মূল্য ১ম নিলাম হতে কম পাওয়া যায় সেক্ষেত্রে ১ম নিলাম প্রাপ্ত ব্যাক্তি/প্রতিষ্ঠান পরিশোধ করতে বাধ্য থাকিবে। অন্যথায়, **The Public Demands Recovery Act, ১৯১৩** অনুযায়ী সার্টিফিকেট মামলা করা হতে পারে।
৬. খাড়া গাছের ডাককৃত মূল্যের সাথে ক্রেতাকে প্রয়োজনীয় আয়কর, ভ্যাট পরিশোধ করতে হবে।
৭. নোটিশ জারীর পর কোনোরুপ মুদ্রনজনিত কারণে ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে নিলাম আহ্বানকারী কর্মকর্তা তা সংশোধন করতে পারবেন।
৮. নোটিশে শর্ত হিসেবে যাই উল্লেখ থাকুক না কেনো, দরপত্রদাতা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইন-কানুনের আওতাভুক্ত থাকবেন এবং বিজ্ঞপ্তির শর্তসমূহ চুক্তিপত্রের শর্ত বলে গণ্য হবে।

২৯/০৯/২০২৫

**মুহাম্মদ সিরাজুল ইসলাম**
প্রধান শিক্ষক
বান্দরবান সরকারি উচ্চ বিদ্যালয়
বান্দরবান পার্বত্য জেলা